ঈদে লকডাউন থাকবে কি-না পরিস্থিতি বুঝে সিদ্ধান্ত: প্রতিমন্ত্রী

চেম্বার ডেস্ক::জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন বলেন, দেশব্যাপী করোনার ঊর্ধ্বগতির কারণে চলমান সর্বাত্মক লকডাউন আরো এক সপ্তাহ বাড়ানো হয়েছে। ঈদে লকডাউন থাকবে কি-না সে বিষয়ে পরিস্থিতি বুঝে সিদ্ধান্ত নেওয়া হতে পারে।

আজ সোমবার ঈদের আগে পরিস্থিতি বিবেচনায় কী সিদ্ধান্ত নেওয়া হবে এমন প্রশ্নে গণমাধ্যমকে তিনি এসব কথা বলেন।

জনপ্রশাসন প্রতিমন্ত্রী বলেন, আমরা দেখছি করোনা সংক্রমণ আশঙ্কাজনকভাবে ওঠা-নামা করছে। তাই পরিস্থিতি বিবেচনায় আমরা সিদ্ধান্ত নেব। আগামী ১২ অথবা ১৩ তারিখে পরবর্তী সিদ্ধান্ত দিতে পারব। গভীরভাবেই এ বিষয়টি মনিটরিং করা হচ্ছে।

তিনি জানান, করোনা পরিস্থিতি মোকাবেলায় দেশের বর্তমান পরিস্থিতি বিবেচনায় আমাদের যে বিশেষজ্ঞরা রয়েছেন, তাদের পরামর্শ এবং আমাদের টেকনিক্যাল কমিটির পরামর্শ অনুযায়ী লকডাউন বাড়ানো হয়েছে।

এদিকে দেশে করোনা মারাত্মক রূপ নেওয়ায় চলমান বিধি-নিষেধ আগামী ১৪ জুলাই মধ্যরাত পর্যন্ত বলবতের সিদ্ধান্ত নেয় সরকার। সোমবার এসংক্রান্ত প্রজ্ঞাপন জারি করেছে মন্ত্রিপরিষদ বিভাগ।